



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, কুমিল্লা

লাকসাম রোড, কান্দিরপাড়, কুমিল্লা

ফোন : ০২৩৩৪৪০৬৩২৮, ওয়েবসাইট : www.comillaboard.gov.bd

স্মারক নং : উমা/পরী/২০২৪/২০৪৪

তারিখ : ০৫/০৬/২০২৪ খ্রি.

বিষয় : উচ্চমাধ্যমিক পরীক্ষা - ২০২৪ এর উপকরণসমূহ (সাদা মূল ও অতিরিক্ত উত্তরপত্র, অন্যান্য ফরম) বিতরণ, নিজ কলেজের প্রবেশপত্র প্রিন্ট বিষয়ক এবং মতবিনিময় সভায় উপস্থিতি প্রসঙ্গে

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে আপনাকে জানানো যাচ্ছে যে, আগামী ৩০ জুন ২০২৪ তারিখ হতে অনুষ্ঠেয় উচ্চমাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষা পরিচালনার লক্ষ্যে তাঁর কলেজ কেন্দ্রের পরীক্ষার্থীদের ব্যবহারের জন্য প্রয়োজনীয় সাদা মূল উত্তরপত্র, অতিরিক্ত উত্তরপত্র এবং অন্যান্য উপকরণসমূহ নিচে বর্ণিত সময়সূচি অনুসারে কেন্দ্রভিত্তিক বোর্ড হতে বিতরণ করা হবে। যথাসময়ে যথাযথ নিরাপত্তা সহকারে উপকরণ গ্রহণের জন্য তিনি নিজে বা তাঁর কলেজের একজন শিক্ষক প্রতিনিধিকে প্রাধিকারপত্রসহ প্রেরণ করার জন্য অনুরোধ করা হল। উপকরণসমূহ পরিবহনের খরচ কেন্দ্র কর্তৃপক্ষকে বহন করতে হবে। উপকরণসমূহ বোর্ড হতে যথাযথভাবে বুঝে নেয়ার পর কোন প্রকার গরমিল পরিলক্ষিত হলে সঙ্গে সঙ্গে বোর্ডকে অবহিত করার জন্য অনুরোধ করা হল।

নির্ধারিত তারিখ সকাল ১০ টায় সুষ্ঠু ও নকলমুক্ত পরিবেশে পরীক্ষা পরিচালনা সংক্রান্ত দিক নির্দেশনামূলক সভা কুমিল্লা শিক্ষাবোর্ড মিলনায়তনে (দ্বিতীয় তলা) অনুষ্ঠিত হবে। নিচের সময়সূচি অনুযায়ী সকল কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তাকে উক্ত সভায় অবশ্যই উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো, দাপ্তরিক বিশেষ প্রয়োজনে ভারপ্রাপ্ত কর্মকর্তা উপস্থিত থাকতে না পারলে, তাঁর প্রাধিকারপ্রাপ্ত পরীক্ষা পরিচালনা কমিটির আহ্বায়ককে উপস্থিত থাকতে হবে। উক্ত সভায় কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তার সচল মোবাইল নম্বর এবং কেন্দ্র কলেজের সচল E-mail Address উপস্থিতি স্বাক্ষরপত্রে লিপিবদ্ধ করতে হবে।

সময়সূচি

তারিখ	সময়	জেলার নাম
১১/০৬/২০২৪ খ্রি.	সকাল ১০টা	চাঁদপুর, ব্রাহ্মণবাড়িয়া, নোয়াখালী ও ফেনী জেলার সকল কেন্দ্র
১২/০৬/২০২৪ খ্রি.	সকাল ১০টা	কুমিল্লা ও লক্ষ্মীপুর জেলার সকল কেন্দ্র

বি. দ্র. :

- উপকরণসমূহ গ্রহণের আবেদনপত্রের সাথে কেন্দ্র নবায়ন ফি বাবদ ২০০০/- (দুই হাজার) টাকা সোনালি পেমেণ্ট গেইটওয়ার (SPG) মাধ্যমে জমাদানের প্রমাণপত্র দাখিল করতে হবে, কেন্দ্র নবায়ন ফি জমা দেয়া না হলে উপকরণসমূহ প্রদান করা হবে না।
- প্রতিষ্ঠানের EID নম্বর ও Password ব্যবহার করে আগামী ১০/০৬/২০২৪ হতে ১৫/০৬/২০২৪ তারিখ পর্যন্ত নিজ নিজ কলেজের পরীক্ষার্থীদের প্রবেশপত্র A4 (80 GSM) অফসেট পেপারে (সাদাকালো) প্রিন্ট করে জরুরী ভিত্তিতে পরীক্ষার্থীদের মাঝে বিতরণ করতে হবে এবং পরীক্ষার্থীদের বলে দিতে হবে কোন প্রকার ভুল ত্রুটি থাকলে মূল প্রবেশপত্র আবেদনসহ অধ্যক্ষ মহোদয়ের নিকট জমা দেয়ার জন্য, যাতে কোন গড়মিল, অসঙ্গতি বা ভুলত্রুটি থাকলে বোর্ডে যোগাযোগ করে যথাসময়ে সংশোধন করে নিতে পারে।
- পূর্ববর্তী বছরের ন্যায় কেন্দ্র Code ও Password ব্যবহার করে Signature Sheet & Roll list Print করতে হবে

উপরোক্ত (ক - গ) কার্যক্রম সম্পন্ন করতে কোন প্রকার সমস্যা/ অসুবিধা হলে নিম্নস্বাক্ষরকারীকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

(ড. মোঃ আসাদুজ্জামান)

পরীক্ষা নিয়ন্ত্রক

ভারপ্রাপ্ত কর্মকর্তা

এ বোর্ডের আওতাধীন এইচএসসি পরীক্ষা-২০২৪ এর সকল কেন্দ্র

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, কুমিল্লা

ফোন : ০২৩৩৪৪০৬১৭২

অবগতি ও প্রয়োজনীয় জ্ঞাতার্থে :

- জেলা প্রশাসক, কুমিল্লা/ চাঁদপুর/ ব্রাহ্মণবাড়িয়া/ নোয়াখালী/ ফেনী/ লক্ষ্মীপুর
- এ বোর্ডের আওতাধীন সকল উপজেলা নির্বাহী অফিসার
- এ বোর্ডের সকল কর্মকর্তা
- এফএসএম শাখার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা উপরোল্লিখিত সময়সূচি মোতাবেক উক্ত পরীক্ষার সাদা উত্তরপত্র ও অন্যান্য উপকরণসমূহ কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তাগণের নিকট প্রদান করার নিমিত্তে প্রস্তুত রাখার জন্য অনুরোধ করা হল
- এ বোর্ডের ওয়েবসাইট
- সংশ্লিষ্ট নথি